

## বিশ্ববিদ্যালয়গুলোর সমস্যা

উপাচার্যের পদত্যাগের এক দফা দাবিতে ঝড়-বৃষ্টি-রোদ উপেক্ষা করে ১৮ সেপ্টেম্বর থেকে শিক্ষার্থীদের একটানা তুমুল আন্দোলনের মুখে শেষ পর্যন্ত রাতের আঁধারে পুলিশ পাহারায় ক্যাম্পাস ত্যাগ করেছেন গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি। ১২ হাজারেরও বেশি শিক্ষার্থীর এই আন্দোলন-বিক্ষোভ যে শতভাগ সত্য ও যৌক্তিক ছিল তার প্রমাণ মিলেছে ইউজিসি গঠিত পাঁচ সদস্যের ১১ পৃষ্ঠাব্যাপী তদন্ত প্রতিবেদনেও। ইউজিসি বলেছে, উপাচার্য খোন্দকার নাসিরুদ্দিনের বিরুদ্ধে উত্থাপিত বিভিন্ন অনিয়ম দুর্নীতি, স্বেচ্ছাচারিতা, অযোগ্যতা, অদক্ষতাসহ প্রায় সব অভিযোগের সত্যতা মিলেছে। প্রতিবেদনে উপাচার্যকে অবিলম্বে প্রত্যাহার করাসহ অনিয়ম-দুর্নীতির বিষয়ে যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণেরও সুপারিশ করেছে তদন্ত কমিটি। টানা দ্বিতীয় মেয়াদে দায়িত্ব পালনরত এই উপাচার্যের বিরুদ্ধে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর গু-বাহিনী লেলিয়ে দিয়ে হামলাসহ নারী কেলেঙ্কারির অভিযোগও উঠেছে। উপাচার্যের বাসভবনের সামনে একটি বিউটি পার্কারের অনুমোদন দিয়েও তীব্র সমালোচনার মুখে পড়তে হয়েছে তাকে। ইউজিসির মাধ্যমে এই তদন্ত প্রতিবেদন ইতোমধ্যে পাঠানো হয়েছে শিক্ষা মন্ত্রণালয়ে। অবশেষে তিনি পদত্যাগে বাধ্য হয়েছেন।

অন্তত এই মুহূর্তে কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরিবেশ উত্তপ্ত ও অশান্ত হয়ে উঠেছে, যে কারণে বিঘিœত হচ্ছে শিক্ষার পরিবেশ। প্রথমটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। সেখানে ছাত্রলীগের বিবদমান দুটি গ্রুপের সংঘাত-সংঘর্ষ-ভাংচুর এমনকি সশস্ত্র হামলার কারণে বন্ধ রয়েছে নিয়মিত ক্লাস নেয়াসহ ক্লাস পরীক্ষা এবং যোগাযোগ ব্যবস্থা। সংঘর্ষের একপর্যায়ে একপক্ষ এমনকি চট্টগ্রাম থেকে বিশ্ববিদ্যালয়গামী শাটল ট্রেনের হোস পাইপগুলো পর্যন্ত কেটে ফেলা হয়। বাস চলাচলে বিঘœ সৃষ্টি করা হয়। দীর্ঘদিন ভিসির অবর্তমানে ভারপ্রাপ্ত ভিসির নেতৃত্বে দু'পক্ষের মধ্যে আপোস রফার চেষ্টা চালালেও অগ্রগতির খবর নেই। অন্যদিকে রাজধানীর সল্লিকটে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রমকে কেন্দ্র করে ঘটে চলেছে দুই পক্ষের পাল্টাপাল্টি কর্মসূচী, ভিসির পদত্যাগের দাবি ক্ষোভ-বিক্ষোভসহ মানববন্ধন ইত্যাদি। এতেও স্বভাবতই ব্যাহত হচ্ছে নিয়মিত পাঠদানসহ শিক্ষা কার্যক্রম। অনুরূপ অবস্থা বিরাজমান ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্য কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়েও। এতে ব্যাহত ও বিঘিœত হচ্ছে শিক্ষার সুষ্ঠু ও শান্ত পরিবেশ। আশঙ্কা দেখা দিয়েছে শিক্ষাবর্ষ বিনষ্টসহ যথাসময়ে সিলেবাস সমাপ্তির।

ভিন্ন ভিন্ন দাবির ইস্যুতে অশান্ত হয়ে উঠেছে দেশের বেশ কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়। এমনিতেই দেশের উচ্চশিক্ষার মান নিয়ে এক নেতিবাচক সংবাদ প্রকাশ হয়েছে সম্প্রতি। চলতি বছর এশিয়ার মর্যাদাপূর্ণ ১০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় স্থান পায়নি বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয়। বর্তমানে সরকারী-বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১০০টির ওপরে। সারাদেশের মেধাবী শিক্ষার্থীদের অন্যতম আকর্ষণ ঢাবি, জাবি, চবি, রাবি, শাবিসহ পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো। তবে নানা অস্থিরতার কারণে অতীতের গৌরব ধরে রাখতে পারছে না প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানগুলো। অস্থির রাজনীতির কালো ছায়া পড়েছে দেশের বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানে। ক্ষমতায় যেতে এবং ক্ষমতায় থাকতে এক সময় ব্যবহার করা হতো ছাত্রদের। ক্ষমতার রাজনীতির স্বার্থে ছাত্রদের হাতে বইয়ের পরিবর্তে অস্ত্রও তুলে দেয়া হতো। এখন ওই অবস্থার কিছু পরিবর্তন হলেও মানগত পরিবর্তন হয়নি। শিক্ষক রাজনীতিও নানাভাবে প্রশ্লবদ্ধ। শিক্ষা প্রতিষ্ঠানের হারানো গৌরব ফিরিয়ে আনতে হলে শিক্ষা-বিরুদ্ধ এমন কর্মকা- বন্ধ করা দরকার। আলাপ-আলোচনার মাধ্যমে সমাধানের পথ বের করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ গড়ে তোলাই এখন প্রধান লক্ষ্য হওয়া উচিত। দেশের ভবিষ্যত যারা, সেই শিক্ষার্থীদের ক্ষতি হয় এমন কর্মসূচী সব সময় পরিত্যাজ্য হওয়া অত্যাাবশ্যিকও। শিক্ষামন্ত্রী

অবশ্য পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর উদ্ভূত সমস্যার শীঘ্রই সমাধান হবে বলে আশ্বস্ত করেছেন। আমরা তার কথায় আশা ও আস্থা রাখতে চাই।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকন্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকন্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকন্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com